



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



চাশিবো/বি/অ/৬৪/গোপাল/ ৪০৬০

তারিখ : ০৪/০৬/২৪

বিষয় : মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৪২৯/২০২৪ তাং ২২/০৪/২০২৪ ইং এর মাধ্যমে প্রদত্ত আদেশের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন প্রসঙ্গে।

- সূত্র : ১) প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) কর্তৃক গত ০৫/০৫/২০২৪ ইং তারিখের দাখিলকৃত আবেদন।
- ২) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৪২৯/২০২৪ তাং ২২/০৪/২০২৪ ইং এর মাধ্যমে প্রদত্ত আদেশ।
- ৩) মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১৮৬১৬/২০১৭ তাং ০৯/০৯/২০২১ ইং এর মাধ্যমে প্রদত্ত আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন নওহাটা এ.আর.এম উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ শওকত আলী মিয়া কে ম্যানেজিং কমিটি কর্তৃক গত ২৫/০১/২০২৩ ইং তারিখে সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে তিনি পিটিশনার হয়ে সূত্রোক্ত (২) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৩৪২৯/২০২৪ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ শুনানী অস্তে গত ২২/০৪/২০২৪ ইং তারিখের আদেশে রুল নিশি জারী করেন এবং নওহাটা এ.আর.এম উচ্চ বিদ্যালয় মুকসুদপুর, গোপালগঞ্জ এর প্রধান শিক্ষকের সাময়িক বরখাস্ত সূত্রোক্ত (৩) নং ক্রমিকে উল্লিখিত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১৮৬১৬/২০১৭ তাং ০৯/০৯/২০২১ ইং এর মাধ্যমে প্রদত্ত আদেশ/নির্দেশনা অনুসরণ করে আদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক নিষ্পত্তির জন্য রেসপনডেন্টদের জন্য নির্দেশনা প্রদান করে উক্ত রিট-পিটিশনটি নিষ্পত্তি(Disposed of) করা হয়।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৪২৯/২০২৪ তাং ২২/০৪/২০২৪ ইং তারিখের নির্দেশনা মোতাবেক রিট পিটিশনার জনাব মোঃ শওকত আলী মিয়া কে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ১৮৬১৬/২০১৭ তাং ০৯/০৯/২০২১ ইং এর মাধ্যমে প্রদত্ত আদেশ ও নির্দেশনার আলোকে তাঁর সাময়িক বরখাস্ত প্রত্যাহার বা বাতিল পূর্বক আগামী ১০(দশ) দিনের মধ্যে স্বপদে পূর্ববহাল ও বকেয়া বেতন-ভাতাদি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে বোর্ড কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

- প্রাপক : ১) সভাপতি, ম্যানেজিং কমিটি  
নওহাটা এ.আর.এম উচ্চ বিদ্যালয়,  
নওহাটা বাজার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ২) প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)  
নওহাটা এ.আর.এম উচ্চ বিদ্যালয়,  
নওহাটা বাজার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

মেমো নং- ৪০৬০ (৭)

তারিখ : ০৪/০৬/২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, রমনা, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ৫। মোঃ শওকত আলী মিয়া, পিতা আব্দুর রহিম মিয়া, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)  
নওহাটা এ.আর.এম উচ্চ বিদ্যালয়, নওহাটা বাজার, মুকসুদপুর, গোপালগঞ্জ।
- ৬। পি.এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

  
০২/০৬/২৪  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা।

  
০২/০৬/২৪